# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 30 April, 2025

আশুলিয়ায় আওয়ামী লীগের নিষিদ্ধ ঘোষিত সহযোগী সংগঠন ছাত্রলীগের ঝটিকা মিছিলে অংশ নেওয়ার অভিযোগে ছয় সদস্যকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (২৯ এপ্রিল) রাত সাড়ে ১১টার দিকে আশুলিয়ার ভাদাইল ও পাবনারটেক এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন-ভাদাইল এলাকার ইয়াসিন আলীর ছেলে ইব্রাহিম (১৮), মো. সেলিম খানের ছেলে নাজমুল খান (১৮), শফিকুল ইসলামের ছেলে ইসমাইল হোসেন রনি (১৮), সোহরাব মিয়ার ছেলে তুষার মিয়া (১৮) ও আলী হোসেনের ছেলে আরও এক ইব্রাহিম (১৮)।এছাড়া পাবনারটেক এলাকার মানিক হোসাইনের ছেলে আবদুল্লাহ নয়ন।

তারা সবাই আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত এবং নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কর্মী বলে জানিয়েছে পুলিশ।

ঢাকা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সাভার সার্কেল) শাহীনুর কবির বলেন,আশুলিয়ার শ্রীপুরে আওয়ামীলীগের নিষিদ্ধ সংগঠন একটি ঝটিকা মিছিল করেছিল। পরে তাদের চিহ্নিত করে আজ রাতে অভিযান চালানো হয়েছে।এসময় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ছয় সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে।

আটককৃতদের বিরুদ্ধে আশুলিয়া থানায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান পুলিশের ওই কর্মকর্তা।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে আওয়ামী লীগের একটি ঝটিকা মিছিলের ভিডিও ভাইরাল হয়।ভিডিওতে কয়েকজনকে ব্যানার হাতে স্লোগান দিতে দেখা যায়।স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীরা ওই মিছিলকে ছাত্রলীগের মিছিল বলে সামাজিক মাধ্যমে দাবি করেছেন।

পুলিশ ছাত্রলীগ আওয়ামী লীগ আশুলিয়া রাজনীতি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:56

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071629